কালের কণ্ঠ

তারিখ ... 26 MAY 2015 ...
পৃঃ ... ৬ ... কলাম ... ৫ ...

ঢাকা বিশ্ববিদ্যালয়

# পিকআপ ভ্যানের ধাক্কায় শিক্ষার্থী আহত, ভাঙচুর

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রাস্তা পারাপারের সময় পিকআপ ভ্যানের ধাক্কায় ড্রয়িং ও প্রিন্টিং বিভাগের এক ছাত্র আহত হয়েছেন। তাঁর নাম সাখাওয়াত হোসেন রনি। বর্তমানে তাঁকে বিশ্ববিদ্যালয় মেডিক্যাল সেন্টারে চিকিৎসা দেওয়া হচ্ছে। গতকাল সোমবার দুপুরে চারুকলা অনুষদের সামনে এ দুর্ঘটনা ঘটে।

এদিকে ঘটনার প্রতিবাদ ও ক্যাম্পাসে সব ধরনের যানবাহন চলাচল বন্ধের দাবিতে বিক্ষোভ করেছেন চারুকলা অনুষদের শিক্ষার্থীরা। তাঁরা শাহবাগ-টিএসসি রাস্তা বন্ধ করে কয়েকটি গাড়ি ভাঙচুর শুরু করেন। পরে পুলিশ ও ছাত্রলীগ নেতাদের হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হয়।

জানা যায়, সোহরাওয়ার্দী উদ্যান থেকে চারুকলা অনুষদের দিকে রাস্তা পারাপারের সময় একটি পিকআপ ভ্যান রনির পায়ের ওপর দিয়ে চলে যায়। এতে তাঁর পায়ের কয়েকটি আঙুল থেঁতলে যায়। তাৎক্ষণিক সহপাঠীরা তাঁকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যায়। এ খবর ছড়িয়ে পড়লে চারুকলার সামনের রাস্তা বন্ধ করে গাড়ি ভাঙচুর শুরু করেন শিক্ষার্থীরা।

এ বিষয়ে চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন বলেন, 'ক্যাম্পাসে এর আগেও অনেক দুর্ঘটনা ঘটেছে। ক্যাম্পাসে যানবাহন চলাচলে বিধিনিষেধ থাকলেও তা মানা হচ্ছে না।' ভারপ্রাপ্ত প্রক্টর এম আমজাদ আলী বলেন, 'এক ছাত্র আহতের ঘটনায় বিক্ষুব্ধ সহপাঠীরা গাড়ি ভাঙচুর করেছে। আহত ছাত্রকে চিকিৎসা দেওয়া হচ্ছে।'



ছবি : কালের কণ্ঠ

পিকআপ ভ্যানের ধাক্কায় গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থী আহত হওয়ার ঘটনায় চারুকলার সামনের রাস্তা বন্ধ করে গাড়ি ভাঙচুর করে শিক্ষার্থীরা।